

চতুর্দশপদী কবিতা

ভজন সরকার

(১)

বন্ধুতা

না ডাকলেও ফেরানো যায় ব্যর্থ পথিক প্রত্যাশে
সারা রাত খুঁজে ফিরে আপন জমিন অন্ধকারে ।
বহুদিন অন্ধকারে বহুরাত হৃদয়ের কাছে
করেছি যাপন । ফেরা হয় নি জ্যোৎস্নার কাছে
গলি পথে নেমে গেছে সংসারের খরস্রোতা নদী ।
অথবা কিছুই নয় শুধু বাহিরের আহ্বান
শুধু চোখ বুজে পড়ে থাকা মাটির গভীরে
আর কিছু খুঁজে ফেরা অন্ধ রাতের স্বর্ণসিন্দুকে ।

অরন্য নাড়িয়ে দেয়া সন্ধ্যার গোধূলি অন্ধকার
শিশিরে শিশিরে ভেজা ঘাস আর গাছের পাতারা
নিরবে জড়িয়ে ধরে কুয়াশার গভীর মায়ায় ।
নিস্তরু বাতাসে ভাসে অবিরাম মেঘের পাহাড়
বাতাসে বিশ্বাস নেই আকাশেতে রোশনাই মেঘ
বন্ধুতা এখনো আছে নিঃশব্দ মৃত্যুর সাথেও ।

(২)

ফিরে পাওয়া

কতটা গভীরে নেমে ছুঁতে পারি হৃদয় তোমার
আকাশে যখন মেঘ বাতাসেতে ঈশানের ঝড়
ভুল করে ভালবাসা গড়ে তোলা কবিতার ঘর ।
কতটা উপরে উঠে ছোঁয়া যাবে তোমাকে আবার
কতটা ভাঙনে তুমি স্থির হয়ে নদীতে দাঁড়াও
কতটা দুঃখ পেলে জল চোখে দু'হাত বাড়াও
জীবন কতটা গেলে খেমে যায় মরণের পথ
আকাশে অনাদি মেঘ খুঁজে ফেরে রাতের সে পথ ।

ভিটেয় জমানো থাকা মাটি ঘাস জানালার ফ্রেম
উঁ ই পোকা টিবি আর নোনা ধরা গনেশের পট
ঘরের পেছনে পরা রঙচটা লক্ষ্মীর ঘট ।
কতটা পেছনে গেলে দেখা যাবে তোমাকে আবার
অঝর বৃষ্টির রাতে অবিরাম উঁকি মারা চোখ
বাতাসেতে ফিরে আসে উড়ে যাওয়া পাখির পালক ॥

॥ লেক সুপিরিয়র , কানাডা ॥